DEC. 18 2000

ভোরের কাগজ

তারিখ ...

পৃষ্ঠা ৭ কলাম ৬

98

### অবৈধভাবে ছাত্র ভর্তির দাবি

# আনন্দমোহন কলেজে ফের বহিরাগত সন্ত্রাসীদের হামলা, শিক্ষকসহ আহত ৭

**ময়মনসিংহ প্রতিনিধি :** আনন্দমোহন কলেজে বিধিবহির্ভূতভাবে ছাত্র ভর্তি করাকে কেন্দ্র করে সন্ত্রাসী হামলায় একজন কলেজ শিক্ষকসহ সাতজন ছাত্র আহত হয়েছে। এ ঘটনায় কলেজের শিক্ষকরা এক জরুরি বৈঠকে আজ সোমবার কলেজে কর্মবিরতি পালন করার সিদ্ধান্ত নিয়েছে। তবে কলেজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত সকল পরীক্ষা কার্যক্রম অব্যাহত থাকবে।

গতকাল রোববার বেলা দেড়টার দিকে ব্যবস্থাপনা বিভাগের ছাত্র রাজপুতের নেতৃত্বে একদল বহিরাগত সন্ত্রাসী দর্শন বিভাগে গিয়ে ওয়েটিং লিস্টে নাম না থাকা ছাত্রদের বিধিবহির্ভূতভাবে অনার্সে ভর্তি করার জন্য চাপ সৃষ্টি করে। এ নিয়ে বাকবিতণ্ডার এক পর্যায়ে দর্শন বিভাগের শিক্ষক সারোয়ার জাহানের ওপর সন্ত্রাসীরা হামলা চালায়। এক পর্যায়ে সন্ত্রাসীরা তাকে টেনেহিঁচড়ে তিনতলা থেকে নামিয়ে কলেজ গেটে নিয়ে আসে। এ সময় দর্শন বিভাগের ছাত্ররা শিক্ষক সারোয়ার জাহানকে রক্ষা করতে এগিয়ে আসলে সন্ত্রাসীরা তাদের ওপরও হামলা চালায়। এতে উক্ত শিক্ষকসহ সাতজন ছাত্র আহত হয়।

এ ঘটনার পর পরই বিক্ষুব্ধ শিক্ষকরা একত্রিত হয়ে অধ্যক্ষের কার্যালয়ে এক জরুরি বৈঠকে মিলিত হয়ে ঘটনায় জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি ও ঘটনার বিচার দাবি করেন। অধ্যক্ষ এস কে গাঙ্গুলীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় শিক্ষক ও ছাত্রদের ওপর হামলা এবং কলেজের শিক্ষার সুন্দর পরিবেশ নষ্ট করার জন্য ছাত্র নামধারী সন্ত্রাসী রাজপুতকে কলেজ থেকে বহিষ্কার এবং তার সহযোগীদের বিরুদ্ধে জননিরাপত্তা আইনে মামলা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ঘটনার প্রতিবাদে শিক্ষকরা আজ সোমবার দিনব্যাপী কলেজের একাডেমিক কার্যক্রম আলোচনা থেকে বিরত থাকারও সিদ্ধান্ত গ্রহণ করেন। তবে অনুষ্ঠিতব্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা যথারীতি গ্রহণ করা হবে।